

১) অর্থ লেখ।

- ক) অভিমান — প্রিয়জনের কোনো কাজের জন্য ক্ষোভ বা মনের কষ্ট।  
খ) খাটের তলে — খাটের তলায়।  
গ) কিচ্ছু — কিছু।  
ঘ) ফিরে — ঘুরে এসে।  
ঙ) সাথে — সঙ্গে।

২) বাক্য রচনা কর।

- ক) রাত্রির — আমার কাকা গতকাল রাত্রিরে দিল্লী থেকে ফিরেছেন।  
খ) ওষুধ — গাছ থেকে ওষুধ তৈরী হয়।  
গ) জুর — রহিম গত দু-দিন ধরে জুরে ভুগছে।  
ঘ) খাট — আমাদের বাড়ীতে ঠাকুরদার আমলের একটি পুরানো খাট আছে।  
ঙ) নৌকো — আমি নৌকো চড়তে ভালোবাসি।

৩) শূন্যস্থান পূরণ কর।

- ক) ছেলেটি জানতে চায় মায়ের কাছে; সত্যি বাবা আবার চলে যাবেন কি না?  
খ) ছেলেটিকে খুঁজতে গিয়ে রাত্রির হয়ে যাবে।  
গ) বাবা তখন ঘাটে গিয়ে নৌকো কোথায় পাবে?  
ঘ) তবু যদি বাবা চলে যান, তা হলে সে বাবা বলে কাঁদতে থাকবে।  
ঙ) ছেলেটির বাবা তাকে কলকাতা নিয়ে গেলে সে কথা শুনবে।

৪) একটি বাক্যে উত্তর লেখ।

- ক) ‘অভিমান’ কবিতাটি কে লিখেছেন?  
উঃ ‘অভিমান’ কবিতাটি লিখেছেন যতীন্দ্রমোহন বাগচী।  
খ) কবিতায় ছেলেটির নাম কী?  
উঃ কবিতায় ছেলেটির নাম হল ‘ভুলো’।  
গ) ছেলেটির বাবা কোথায় চাকরি করেন?  
উঃ ছেলেটির বাবা কলকাতায় চাকরি করেন।  
ঘ) ছেলেটি কোথায় লুকিয়ে থাকতে চায়?  
উঃ ছেলেটি খাটের তলায় লুকিয়ে থাকতে চায়।  
ঙ) কীসে করে ছেলেটির বাবা কলকাতায় যান?  
উঃ নৌকো করে ছেলেটির বাবা কলকাতায় যান।